ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৯২৬

আগরতলা, ২১ নভেম্বর, ২০২৫

**ছয় বছর বয়সী শিশুর জন্মগত কাটা ঠোঁটের সফলভাবে অস্ত্রোপচার**



রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের অধীনে স্বাস্থ্যকর্মীরা বিভিন্ন অঙ্গনওয়াড়িকেন্দ্রে এবং বিদ্যালয়ে শিশুদের নিয়মিতভাবে রুটিন স্ক্রিনিং করছেন। এই স্ক্রিনিং প্রক্রিয়া শুধুমাত্র শিশুদের স্বাস্থ্য সমস্যা চিহ্নিত করার একটি গুরুত্বপূর্ণ উপায় নয়, বরং এটি সুস্থতার জন্য প্রাথমিক পদক্ষেপ হিসেবে কাজ করে। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিক্যাল টিম পানিসাগর মহকুমার অধীন চামটিলা বিদ্যালয়ে গত ৫ ফেব্রুয়ারি ২০২১ শিশুদের রুটিন স্ক্রিনিংয়ের মাধ্যমে একটি ছয় বছর বয়সী শিশুর জন্মগত কাটা ঠোঁটের(ক্লেফট লিপ)সমস্যা চিহ্নিত করেন। এই ধরনের সমস্যাগুলি জন্মের সময় থেকেই উপস্থিত থাকে, তবে এটি চিকিৎসা করা না হলে শিশুর ভবিষ্যৎ বিকাশে নানা ধরনের সমস্যা সৃষ্টি হতে পারে। তৎক্ষণাৎ রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক, ডাঃ অভিনব ধর, শিশুটির পিতা-মাতাকে এ বিষয়ে পরামর্শ প্রদান করেন এবং তাদের জানান যে, বিনামূল্যে অস্ত্রোপচারের মাধ্যমে শিশুটিকে সুস্থ স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনা সম্ভব। কিন্তু শিশুটির পিতা-মাতা নানা অজুহাতে প্রথমে অস্ত্রোপচারের জন্য সম্মতি দেননি এবং কিছুদিন তাদের মধ্যে সংশয় এবং দ্বিধা ছিল। এদিকে, ডাঃ অভিনব ধর বারবার চেষ্টা চালিয়ে যান এবং শিশুটির ভবিষ্যৎ স্বাস্থ্য এবং বিকাশ নিয়ে তাদের আশ্বস্ত করেন। এরপর, অনেক আলোচনার মাধ্যমে গত ১৩ নভেম্বর ২০২৫ শিশুটিকে ত্রিপুরার আই এল এস হাসপাতালে পাঠানো হয়। গত ১৭ নভেম্বর ২০২৫ তারিখে শিশুটিকে হাসপাতালে ভর্তি করা হয় এবং গত ১৮ নভেম্বর কাটা ঠোঁট ও তালু কাটা (ক্লেফট লিপ এবং ক্লেফট প্যালেট) এর অধীনে সফল অস্ত্রোপচার করা হয়। এই অস্ত্রোপচার সম্পন্ন হওয়ার পর ১৯ নভেম্বর শিশুটিকে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হয়। অস্ত্রোপচারের পর শিশুটির মুখমণ্ডল স্বাভাবিক অবস্থায় ফিরে আসার জন্য তার পিতা-মাতা সহ পরিবারের সদস্যরা অত্যন্ত আনন্দিত হন। এই পরিবর্তনটি শিশুটির জন্য জীবনযাত্রার মান উন্নত করতে সহায়ক হবে, এবং এটি তার আত্মবিশ্বাস ও সামাজিক জীবনেও ইতিবাচক প্রভাব ফেলবে। শিশুটির পরিবার এবং পরিজনরা রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিমের প্রতি তাদের আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। তারা বিশেষভাবে ধন্যবাদ জানিয়েছেন ডাঃ অভিনব ধর এবং অন্যান্য মেডিকেল টিমকে, যাদের নিরলস প্রচেষ্টার ফলে তাদের শিশুটি আজ সুস্থ হয়ে উঠেছে। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মূল উদ্দেশ্যই হলো, প্রত্যেক শিশুর সুস্থ বিকাশ নিশ্চিত করা এবং তাদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যকে সুরক্ষা প্রদান করা। এ ধরনের উদ্যোগগুলি সরকারের সামাজিক স্বাস্থ্য নীতির সফল বাস্তবায়নের অংশ হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****